

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

মুতার শহীদদের মর্যাদা (منزلة شهداء مؤةة)

- (১) মদীনায় অশ্রুসজল নেত্রে শহীদগণের খবর দেওয়ার সময় রাস্লুল্লাহ (ছাঃ) বলেন, مَا يَسُرُّهُمْ أَنَّهُمْ عِنْدَنَا 'তাদেরকে এ বিষয়টি খুশী করবে না যে, তারা আমাদের কাছে থাকুক' (বুখারী হা/২৭৯৮)। অর্থাৎ তারা জান্নাতে অবস্থান করাতেই খুশী হয়ে গেছে। দুনিয়াতে তারা থাকতে চায় না' (ফাৎহুল বারী হা/২৭৯৮-এর ব্যাখ্যা)।
- (২) আব্দুল্লাহ বিন আববাস (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) এরশাদ করেন, জা'ফর বিন আবু ত্বালিব জিব্রীল ও মীকাঈল-এর সাথে দু'টি ডানাসহ অতিক্রম করার সময় আমাকে সালাম করল। অতঃপর যুদ্ধে তার দু'হাত হারানোর ঘটনা বর্ণনা করল। এ কারণে জান্নাতে সে জা'ফর আত-ত্বাইয়ার(رُعِنُونُ الطِّيَّا) 'উড়ন্ত জা'ফর' নামে অভিহিত হয়েছে'।[1] তিনি বলেন, আমি জা'ফরকে জান্নাতে ফেরেশতাদের সাথে দুই ডানায় উড়তে দেখেছি' (ছহীহাহ হা/১২২৬)। এজন্য তাঁকে 'যুল-জানাহাইন'(دُوالْجَنَاحَين) বা 'দুই ডানা ওয়ালা' বলা হয়ে থাকে (মির'আত শরহ মিশকাত হা/১৭৪৩-এর ব্যাখ্যা)।

রাসূলুল্লাহ (ছাঃ) জা'ফর বিন আবু ত্বালিবের সন্তানদের ডেকে এনে সান্ত্বনা দিয়ে তাদের মায়ের উদ্দেশ্যে বলেন, اللهُ وَاللَّهُمْ فِي الدُّنْيَا وَالآخِرَةِ 'দুনিয়া ও আখেরাতে আমিই ওদের অভিভাবক' (আহমাদ হা/১৭৫০, সনদ ছহীহ)।

ফুটনোট

[1]. ত্বাবারাণী আওসাত্ব হা/৬৯৩৬; আলবানী, ছহীহ আত-তারগীব হা/১৩৬২।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5573

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন